# ৪৪তম বিসিএস (লিখিত) পরীক্ষা

কনকচাঁপা

বিষয় কোড : ০০৭

পূর্ণমান : ১০০

নির্ধারিত সময় : ৩ ঘণ্টা

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

১. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দিন। ৪ × ১০ = ৪০

ক. সাংহাই সহযোগিতা সংস্থার উদ্দেশ্য কী? সংক্ষেপে আলোচনা করুন।

খ. ন্যাটোর মূল উদ্দেশ্য কী? আপনি কি মনে করেন ন্যাটো তার উদ্দেশ্য পূরণে কার্যকর ভূমিকা রাখছে?

গ. QUAD বলতে কী বোঝায়? QUAD গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য কী কী?

ঘ. জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভোট ব্যবস্থায় ভেটো ক্ষমতার বিধান রাখার অন্তর্নিহিত যুক্তি কী?

ঙ. বহুপাক্ষিকতা (multilateralism) মানে কী? বর্তমান, বিশ্ব পরিস্থিতির প্রেক্ষাপটে কি এর গুরুত্ব বৃদ্ধি পেয়েছে?

চ. Soft power বলতে কী বোঝায়? রাষ্ট্রীয় নীতি বাস্তবায়নে এটির প্রয়োগ কতটুকু বাস্তবসম্মত?

ছ. হাইব্রিড যুদ্ধ কী? হাইব্রিড যুদ্ধের লক্ষ্য কী?

জ. নিষেধাজ্ঞা কী? ইউক্রেন-রাশিয়া যুদ্ধে রাশিয়ার উপর পশ্চিমাদের আরোপিত নিষেধাজ্ঞা দেশটির অর্থনীতিকে কতটা প্রভাবিত করেছে?

ঝ. ‘ব্যাকডোর কূটনীতি’ বলতে কী বোঝায়? সংক্ষেপে আলোচনা করুন।

ঞ. ‘খাদ্য জাতীয়তাবাদ’ (food nationalism) বলতে কী বোঝায়? কেন এর উদ্ভব হয়?

২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন। ১৫ × ৩ = ৪৫

ক. ‘রাশিয়া এবং ইউক্রেনের মধ্যে চলমান যুদ্ধের কারণ কী? আপনি কি মনে করেন রাশিয়া ইচ্ছাকৃতভাবে যুদ্ধ দীর্ঘায়িত করছে? মতামত দিন।

খ. ভারত ও বাংলাদেশের মধ্যে সম্পাদিত কোন চুক্তি অনুযায়ী ‘যৌথ নদী কমিশন’ প্রতিষ্ঠিত হয়? বাংলাদেশের জন্য যৌথ নদীগুলোর ন্যায্য পানি প্রাপ্যতার ক্ষেত্রে এই কমিশনের ভূমিকা বিশ্লেষণ করুন।

গ. শ্রীলংকার বর্তমান অর্থনৈতিক সংকটের প্রধান কারণ কী? শ্রীলংকা কীভাবে এ অর্থনৈতিক সংকট কাটিয়ে উঠতে পারে? মতামত দিন।

ঘ. মিয়ানমারের বর্তমান রাজনৈতিক সংকট কি আঞ্চলিক নিরাপত্তার জন্য হুমকি? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি দিন।

৩. পূর্ব ইউরোপে বাংলাদেশি মানবসম্পদের একটি সম্ভাবনাময় শ্রমবাজার রয়েছে। এ সম্ভাবনাকে ব্যাপকভাবে কাজে লাগাতে সরকারকে উদ্দেশ্য করে একটি পরামর্শপত্র লিখুন। ১৫